স্নাতকোত্তর পাঠক্রম (P. G.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৩ / জুন, ২০১৪

Public Administration

অষ্টম পত্র (8th Paper : Governance & Administration)

সময় ঃ চার ঘণ্টা | **পূর্ণমান ঃ ১০০**

Time : 4 Hours | Full Marks : 100

(মানের গুরুত্ব ঃ ৮০%)

(Weightage of Marks : 80%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।

অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

Special credit will be given for accuracy and relevance in the answer. Marks will be deducted for incorrect spelling, untidy work and illegible handwriting. The weightage for each question has been indicated in the margin.

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১৮ × ২ = ৩৬

(ক) ''সমকালীন অর্থে 'সুপ্রশাসন'-এর বহু প্রেক্ষিত ও বৈশিষ্ট্য রয়েছে।'' বিবৃতিটি ব্যাখ্যা করুন।

(খ) তথ্যের অধিকার আইনকে কেন ভারতীয় প্রশাসনের গণতান্ত্রিক ভিত্তি মজবুত করার 'অসাধারণ পদক্ষেপ' বলে গণ্য করা হয় ?

(গ) আপনি কি মনে করেন ভারতে জনসাধারণের অভিযোগ সমাধানের প্রকরণগুলি পর্যাপ্ত ? যুক্তিসহকারে ব্যাখ্যা করুন।

(ঘ) ভারতে নাগরিক সনদ গুরুত্বপূর্ণ মনে করা হয় কেন ? ঐ সনদের মূল নীতিগুলি চিহ্নিত করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) আমলাতন্ত্র কি রাষ্ট্রের প্রশাসনিক ব্যবস্থার অপরিহার্য অঙ্গ ? ব্যাখ্যা করুন।

(খ) স্বচ্ছতা সুশাসনের আবশ্যিক শর্ত কেন ?

(গ) 'সুশাসন'-এর ধারণা সম্পর্কে তিনটি মূল সমালোচনা বিবৃত করুন।

(ঘ) তৃতীয় বিশ্বের দেশগুলিতে 'সুশাসন'-এর প্রাসঙ্গিকতা কী ? উদাহরণসহ বিশ্লেষণ করুন।

(ঙ) ভারতের যে কোন চারটি সরকারি সংগঠনের নাগরিক সনদের মূল বিষয়বস্তু বর্ণনা করুন।

(চ) সতীশ শর্মা মামলা ও মীনা কাউল মামলার প্রশাসনিক তাৎপর্য কী ?

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৭ × ৪ = ২৮

(ক) 'সুশাসন'-এর প্রাচীন ভারতীয় ধারণাটি ব্যাখ্যা করুন।

(খ) ভারত সরকারের স্বেচ্ছাসেবী সংগঠন সংক্রান্ত জাতীয় নীতি (২০০৬) কীভাবে সুশাসনে স্বেচ্ছাসেবী সংগঠনের ভূমিকা উল্লেখ করেছে ?

(গ) সরকারি দায়বদ্ধতা বলতে কী বোঝেন ?

(ঘ) 'ওম্বুডস্‌ম্যান' সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লিখুন।

(ঙ) 'পুরসমাজ' কী ?

(চ) ভারতে প্রশাসনিক উন্নয়নে প্রথম প্রশাসনিক সংস্কার কমিটির ভূমিকা কী ছিল ?

(ছ) ন্যূনতম রাষ্ট্রের বৈশিষ্ট্য কী ?

(জ) সুপ্রশাসনে সামাজিক ন্যায়ের ভূমিকা কী ?

(ENGLISH VERSION)

1. Answer any *two* of the following : 18 × 2 = 36
   a) "The contemporary meaning of 'good governance' has many dimensions and features." Explain the statement.
   b) Why is the Right to Information Act regarded as a 'great step' in strengthening the democratic base of the Indian administration ?
   c) Do you think that the major methods of redressal of public grievances in India are adequate ? Argue your case.
   d) Why is the Citizens' Charter considered important in India ? Identify the basic principles of the charter.
2. Answer any *three* of the following : 12 × 3 = 36
   a) Is bureaucracy an indispensable part of the administrative system of the state ? Explain.
   b) Why is transparency a necessary condition for good governance ?
   c) Narrate three major criticisms of the concept of 'good governance'.
   d) What is the relevance of 'good governance' in the third world countries ? Analyse with example.
   e) Describe the major contents of the Citizens' charter of any four governmental organizations of India.

   f) What is the administrative significance of Satish Sharma case and Shila Kaul case ?
3. Answer any *four* of the following : 7 × 4 = 28
   a) Explain the ancient Indian concept of good governance.
   b) Discuss how the Government of India's National Policy of Voluntary Sector (2006) refers to the role of the voluntary organizations in good governance.
   c) What do you understand by public accountability ?
   d) Write a brief note on the Ombudsman.
   e) What is 'Civil society' ?
   f) What was the role of the First Administrative Reforms Commission in the development of administration in India ?
   g) What are the features of the 'minimalist state' ?
   h) What is the role of social justice in good governance ?